



রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ

আরডিএ ভবন

বনলতা বা/এ, রাজশাহী-৬২০৩

www.rdarajshahi.gov.bd



স্মারক নং-২৫.৪০.০০০০.০০৬.৬৫.০০১.১৪.৯০১

তারিখ-২৭/০৮/২০২৪খ্রিঃ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৫/০১/২০২৪ খ্রিঃ তারিখে ২৫.৪০.০০০০.০০৬.৬৫.০০১.১৪.৫৯ নংস্মারকে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের প্রান্তিক আবাসিক এলাকা উন্নয়ন প্রকল্পে প্লট বরাদ্দের জন্য “দৈনিক সোনারদেশ”, “দৈনিক যুগান্তর পত্রিকা”, “The Daily Observer” পত্রিকায় বিজ্ঞপ্তি আহ্বান করা হয়। বিজ্ঞপ্তিটি গত ২৯/০১/২০২৪খ্রিঃ তারিখে সংশ্লিষ্ট পত্রিকায় এবং কর্তৃপক্ষের ওয়েবসাইট, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। প্রকাশিত বিজ্ঞপ্তির বিপরীতে প্রাপ্ত আবেদন ইতোমধ্যে যাচাই বাছাই করে বৈধ বিবেচিত আবেদন নির্বাচিত করা হয়েছে। সরকারি অবসরপ্রাপ্ত কর্মচারী, বেসরকারি প্রতিষ্ঠানের চাকরিরত কর্মচারী, ব্যবসায়ী/শিল্পপতি, বিশেষ পেশাজীবী (শিল্পী, সাহিত্যিক, সাংবাদিক, প্রকৌশলী, পরিকল্পনাবিদ, স্থপতি, চিকিৎসক, আইনজীবী, কৃষিবিদ, ক্রীড়া ব্যক্তিত্ব, ইত্যাদি), অন্যান্য (“ক” হতে “ড” ক্যাটাগরিভুক্ত নয় এমন আবেদনকারী)শ্রেণী/কোটা/ক্যাটাগরির বৈধ বিবেচিত আবেদনকারীদের মধ্যে আগামী ০৩/০৯/২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১০:৩০ ঘটিকা হতে প্লট বরাদ্দ প্রদানের জন্য প্রার্থী নির্বাচনের উদ্দেশ্যে প্রকাশ্যে “লটারীর ড” রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের মিলনায়তনে অনুষ্ঠিত হবে। এছাড়াও আধাসরকারি / স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের অবসরপ্রাপ্ত কর্মচারী, বিদেশে কর্মরত ব্যক্তি, প্রকল্প এলাকায় ভূমি অধিগ্রহণ জনিত কারণে ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের চাকরিরত কর্মচারী, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের চাকরিরত কর্মচারী ক্যাটাগরিতে প্রাপ্যতার তুলনায় কম সংখ্যক আবেদন জমা করায় তারা সরাসরি প্লট বরাদ্দের জন্য বিবেচিত হয়েছেন এবং সরকারি কর্মচারী, আধাসরকারি / স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মচারী, মুক্তিযোদ্ধা/ যুদ্ধাহত মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পরিবার/ বীরজ্ঞানশ্রেণী/কোটা/ক্যাটাগরিতে প্রসপেক্টাসের শর্তানুযায়ী সর্বোচ্চ নম্বরের ভিত্তিতে প্রাথমিকভাবে প্লট প্রাপ্তির জন্য নির্বাচিত হয়েছেন। এভাবে উপরে বর্ণিত শ্রেণী/কোটা/ক্যাটাগরিতে প্রাথমিকভাবে বৈধ বিবেচিত প্লট প্রাপ্তির যোগ্যতা অর্জনকারী সকল আবেদনকারীদের মধ্যে প্লট বরাদ্দের জন্য আগামী ০৫/০৯/২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১০:৩০ ঘটিকায় প্রকাশ্যে “লটারীর ড” রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের মিলনায়তনে অনুষ্ঠিত হবে। উক্ত “লটারীর ড” অনুষ্ঠানে আগ্রহী আবেদনকারীদের উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

(আবু হায়াত মেদেদ রহমতুল্লাহ নব্বী)
প্রধান নির্বাহী কর্মকর্তা
রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ
ফোন:০২৫৮৮-৮৬২০২৩।

২৭/৮/২৪